

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৭১

ধর্মনগর, ২৮ জুন, ২০২৪

বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্প

উত্তর ত্রিপুরা জেলায় অনলাইন স্মার্ট ক্লাস বিদ্যার্পণ চালু

উত্তর ত্রিপুরা জেলায় বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্পে অনলাইন স্মার্ট ক্লাস বিদ্যার্পণ চালু করা হয়েছে। উত্তর ত্রিপুরা জেলা প্রশাসন ও শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে নবম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের জন্য এই অনলাইন ক্লাস চালু করা হয়। এ উপলক্ষে আজ জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহৃতা দেবপ্রিয় বর্ধন অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ, জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা আধিকারিক প্রসেনজিৎ দেববর্মা, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা, শিক্ষা দপ্তরের ওএসডি কৃতিসুন্দর দে, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিক্ষিকা প্রমুখ। অনুষ্ঠানে জেলাশাসক দেবপ্রিয় বর্ধন বলেন, নির্ধারিত ক্লাসের বাইরে গিয়ে আলাদাভাবে এই স্মার্ট ক্লাসে ছাত্রীরা যে কোনও বিষয় বুঝে নেওয়ার জন্য বাড়তি সুযোগ পাবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ। প্রাথমিকভাবে জেলার ৯টি বিদ্যালয়ের নবম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্রীরা এই স্মার্ট ক্লাসে যুক্ত হচ্ছে। অনুষ্ঠানে জেলাশাসক দেবপ্রিয় বর্ধন স্মার্ট ক্লাসের সাথে যুক্ত শিক্ষক শিক্ষিকাদের সাথে মতবিনিময় করেন।

\*\*\*\*\*